দি ফেডারেশন অফ বাংলাদেশ চেম্বার্স অফ কমার্স অ্যান্ড ইন্ডাস্ট্রি
The Federation of Bangladesh Chambers of Commerce and Industry
Federation Bhaban
60, Motijheel Commercial Area, Dhaka-1000, Bangladesh
Phone: 9561714, 9560456, Fax : 880-2-9576261, 9560102-3
E-mail: fbcci@bol-online.com, Website: www.fbcci-bd.org

মে ২৫, ২০২০

**অতীব জরুরী**

সভাপতি/ চেয়ারম্যান
সকল চেম্বার ও এসোসিয়েশন
এফবিসিসিআই।

বিষয় ঃ **EU Online Public Consultation/Feedback on the GSP Scheme for Developing Countries -কে বিশেষ গুরুত্বের সাথে নিয়ে বাণিজ্য মন্ত্রণালয়ের গাইড লাইন অনুসারে অধিক সংখ্যায় অংশগ্রহণ প্রসঙ্গে।**

**প্রিয় সভাপতি/ চেয়ারম্যান,**

ইউরোপিয়ান কমিশন উন্নয়নশীল দেশের জন্য প্রযোজ্য অগ্রাধিকারমূলক বাণিজ্য সুবিধা (GSP Scheme) এর বিধি বিধান (GSP Plus এবং Standard GSP এর অনুরূপ) সংশোধনের লক্ষ্যে সংশ্লিষ্ট উপকারভোগীদের মতামত গ্রহণের জন্য অনলাইন সার্ভে পরিচালনা করছে। এই সার্ভে কার্যক্রম সকলের জন্য উন্মুক্ত যা মার্চ ১১, ২০২০ থেকে জুন ৩, ২০২০ পর্যন্ত চলবে।

উল্লেখ্য যে, Everything but Arms ( EBA) এর আওতায় ইউরোপে পণ্য রপ্তানিতে বাংলাদেশ শুল্কমুক্ত সুবিধা পেয়ে থাকে। উন্নয়নশীল দেশে উন্নীত হওয়ার প্রেক্ষিতে এবং চলমান কোভিড-১৯ পরবর্তী প্রতিযোগিতামূলক বিশ্ব বাণিজ্য পরিস্থিতিতে ইউরোপের রপ্তানিবাজার ধরে রাখা এবং টেকসই করার লক্ষ্যে বাংলাদেশের জন্য ইইউ জিএসপি স্কীম-এর সুবিধা গ্রহণ খুবই গুরুত্বপূর্ন এবং অপরিহার্য্য। উল্লিখিত সার্ভে-তে নির্দিষ্ট সময়ের মধ্যে অধিক সংখ্যায় অংশগ্রহনের মাধ্যমে জিএসপি স্কীম বিষয়ে বাংলাদেশের স্বার্থ সংশ্লিষ্ট মতামত প্রদানের সুযোগ রয়েছে।

এ প্রেক্ষিতে, জিএসপি স্কীম বিষয়ে ইউরোপিয়ান কমিশন পরিচালিত Public Consultation/Feedback কার্যক্রমকে গুরুত্বের সাথে বিবেচনায় নিয়ে আপনার চেম্বার/ এসোসিয়েশনের সকল সদস্যকে অধিক সংখ্যায় অংশগ্রহণের অনুরোধ জানাচ্ছি। বিশেষভাবে উল্লেখ্য যে, অনলাইন সার্ভে (https://ec.europa.eu/info/law/better-regulation/have-your-say/initiatives/2136-Towards-the-future-Generalised-Scheme-of-Preferences-legal-framework-granting-trade-advantages-to-developing-countries/public-consultation) সন্নিবেশিত প্রশ্নের উত্তর প্রদানের ক্ষেত্রে বাণিজ্য মন্ত্রণালয় প্রদত্ত গাইডলাইন (সংযুক্ত) অনুসরণ ও প্রতিপালন করতে হবে। এ বিষয়ে গত মে ১৯, ২০২০ তারিখে বাণিজ্য মন্ত্রণালয়ের ব্যবস্থাপনায় অনুষ্ঠিত অনলাইন সভার কার্যবিবরণী আপনার অবগতির জন্য সংযুক্ত করা হলো।

যেহেতু বিষয়টি ইউরোপে বাংলাদেশের সার্বিক রপ্তানি বানিজ্যের স্বার্থ সংশ্লিষ্ট সেজন্য বাণিজ্য মন্ত্রণালয়ের গাইডলাইন অনুযায়ী আপনি এবং আপনার সকল সদস্যদের নির্ধারিত সময়ের মধ্যে (জুন ০৩, ২০২০) অধিক সংখ্যায় অংশগ্রহনের জন্য অনুরোধ করা যাচ্ছে। আশা করি, দেশের রপ্তানির স্বার্থে এ বিষয়ে আপনাদের সার্বিক সহযোগিতা ও প্রচেষ্টা অব্যাহত থাকবে।

ধন্যবাদান্তে,

শেখ ফজলে ফাহিম
সভাপতি, এফবিসিসিআই

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাণিজ্য মন্ত্রণালয়
রপ্তানি-৬ অধিশাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
www.mincom.gov.bd

**"EU online public consultation/feedback on the GSP scheme for developing countries"**
**সম্পর্কে অংশীজনদের করণীয় পর্যালোচনার জন্য অনুষ্ঠিত বিশেষ ভিডিও কনফারেন্স-এর কার্যবিবরণী**

সভাপতি : জনাব মো: ওবায়দুর আজম, অতিরিক্ত সচিব (রপ্তানি), বাণিজ্য মন্ত্রণালয়।
তারিখ : ১৯ মে ২০২০
সময় : দুপুর ০২.৩০

সভাপতি সকলকে স্বাগত জানিয়ে EU online public consultation/feedback on the GSP scheme for developing countries সম্পর্কে অংশীজনদের করণীয় পর্যালোচনার জন্য অনুষ্ঠিত বিশেষ ভিডিও কনফারেন্স-এর কার্যক্রম শুরু করেন। শুরুতেই তিনি বাংলাদেশের জন্য ইউরোপীয় ইউনিয়ন কর্তৃক প্রদত্ত GSP scheme-এর অবদান ও পটভূমি তুলে ধরেন এবং ২০২৪ হতে কার্যকর পরবর্তী স্কীমে বাংলাদেশের উপকারভোগীদের স্বার্থ সুরক্ষায় আলোচ্য অনলাইন সার্ভেতে সংশ্লিস্টদের মতামত তুলে ধরার গুরুত্ব তুলে ধরেন। সভাপতির পরামর্শক্রমে জনাব মো: আবদুর রহিম খান, যুগ্মসচিব (রপ্তানি-২) EU online public consultation/feedback-এর কারিগরি দিক তুলে ধরেন। তিনি বলেন, EU'র পরবর্তী GSP scheme/regulation-এর বিধিবিধান বা নিয়মনীতি (GSP+এবং standard GSP'র অনুরূপ) নির্ধারণের অংশ হিসেবে বর্তমানে চলমান সার্ভেতে ৩ জুন ২০২০ পর্যন্ত অংশ নেয়া যাবে এবং বাংলাদেশের স্বার্থ সংশ্লিস্ট মতামত প্রতিফলনের সুযোগ নেয়া যাবে। এ পর্যায়ে জনাব জহিরুল কাইয়ুম, কমার্শিয়াল কাউন্সেলর, ব্রাসেলস, বেলজিয়াম সভায় বিভিন্ন ট্রেড বডি'র সম্মানিত সদস্যদের অনলাইন সার্ভেতে স্ব স্ব মতামত তুলে ধরার সুযোগ কাজে লাগানোর জন্য অনুরোধ জানান।

২। অত:পর সভায় ফেডারেশন অব বাংলাদেশ চেম্বার্স অব কমার্স এন্ড ইন্ডাস্ট্রি (এফবিসিসিআই), বাংলাদেশ গার্মেন্ট ম্যানুফ্যাকচারার্স এন্ড এক্সপোর্টার্স এসোসিয়েশন (বিজিএমইএ), বাংলাদেশ নিটওয়্যার ম্যানুফ্যাকচারার্স এন্ড এক্সপোর্টার্স এসোসিয়েশন (বিকেএমইএ), লেদার গুডস এন্ড ফুটওয়্যারস এন্ড এক্সপোর্টার্স এসোসিয়েশন অব বাংলাদেশ (এলএফএমইএবি), ঢাকা চেম্বার অব কমার্স এন্ড ইন্ডাস্ট্রি ( ডিসিসিআই), বাংলাদেশ এমপ্লয়ার্স ফেডারেশন (বিইএফ), পলিসি রিসার্চ ইনস্টিটিউট এবং বাংলাদেশ ট্রেড এন্ড ট্যারিফ কমিশনের উপস্থিত প্রতিনিধিবৃন্দ আলোচ্য বিষয়ে তাদের মূল্যবান মতামত তুলে ধরেন। আলোচনায় EU online public consultation/feedback on the GSP scheme-এ প্রত্যেকে স্ব স্ব অবস্থান থেকে অংশ নেয়া প্রয়োজন মর্মে অভিমত প্রকাশ করেন। একইসাথে বাংলাদেশী পণ্যের অন্যতম বৃহৎ বাজার হিসেবে ইউরোপীয় ইউনিয়নভুক্ত দেশসমূহে রপ্তানি বৃদ্ধির ধারা আব্যাহত রাখার জন্য সহায়ক নীতি অনুসরণের জন্য সরকারের সহযোগিতা ও কূটনৈতিক উদ্যোগের গুরুত্ব তুলে ধরেন।

৩। অত:পর সভায় সর্বসম্মতভাবে নিম্নলিখিত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়:

(ক) বিভিন্ন বাণিজ্য সংগঠন চেম্বার/এসোসিয়েশন অধিভূক্ত সদস্যদের ইইউ ওয়েবসাইটে চলমান EU online public consultation/feedback on the GSP scheme-এর সার্ভেতে অংশগ্রহণের বিষয়ে উদ্বুদ্ধ করবে এবং প্রয়োজনে অনুরূপ সভা করে সার্ভেতে অংশগ্রহণের সংখ্যা বাড়ানোর ব্যবস্থা গ্রহণ করবে।

(খ) অনলাইন সার্ভে (https://ec.europa.eu/info/law/better-regulation/have-your-say/initiatives/2136-Towards-the-future-Generalised-Scheme-of-Preferences-legal-framework-granting-trade-advantages-to-developing-countries/public-consultation)-তে সন্নিবেশিত প্রশ্নের উত্তর প্রদানের ক্ষেত্রে পরিশিস্ট "ক"-তে উল্লিখিত সাধারণ মতামতসমূহ (guiding notes) বিবেচনা করা যেতে পারে।

(গ) বিভিন্ন ব্যবসায়ী সংগঠন যেমন ফেডারেশন অব বাংলাদেশ চেম্বার্স অব কমার্স এন্ড ইন্ডাস্ট্রি (এফবিসিসিআই), বাংলাদেশ গার্মেন্ট ম্যানুফ্যাকচারার্স এন্ড এক্সপোটার্স এসোসিয়েশন (বিজিএমইএ), বাংলাদেশ নিটওয়্যার ম্যানুফ্যাকচারার্স এন্ড এক্সপোর্টার্স এসোসিয়েশন (বিকেএমইএ), বাংলাদেশ টেক্সটাইল মিলস এসোসিয়েশন (বিটিএমএ), লেদারগুডস এন্ড ফুটওয়্যারস এন্ড এক্সপোর্টার্স এসোসিয়েশন অব বাংলাদেশ (এলএফএমইএবি), Bangladesh Efficient Lighting Manufacturers Association, বাংলাদেশ প্লাস্টিক গুডস ম্যানুফ্যাকরার্স এন্ড এক্সপোর্টার্স এসোসিয়েশন, বাংলাদেশ জুট গুডস এক্সপোর্টার্স এসোসিয়েশন, ঢাকা চেম্বার অব কমার্স এন্ড ইন্ডাস্ট্রি (ডিসিসিআই), মেট্রোপলিটন চেম্বার অব কমার্স এন্ড ইন্ডাস্ট্রি, ঢাকা (এমসিসিআই), বাংলাদেশ এমপ্লয়ার্স ফেডারেশন (বিইএফ), বাংলাদেশ ফ্রোজেন ফুড এক্সপোর্টার্স এসোসিয়েশন, বাংলাদেশ ফ্রুটস, ভেজিটেবল এন্ড এলাইড প্রোডাক্টস এক্সপোর্টার্স এসোসিয়েশন, বাংলাদেশ এগ্রো-প্রসেসরস এসোসিয়েশন (বাপা)সহ অন্যান্য রপ্তানিকারক সংগঠন **আগামি ৩১ মে ২০২০ তারিখের মধ্যে নিজ নিজ সংগঠনের পক্ষে অনলইন সার্ভেতে (৩(খ)-তে উদ্ধৃত লিংক) স্ব স্ব জবাব/মতামত/ফিডব্যাক দাখিল করবে। দাখিলকৃত মতামত লিখিত আকারে একই তারিখের মধ্যে বাণিজ্য মন্ত্রণালয়ে প্রেরন করবে।**

(ঘ) বাংলাদেশ ট্রেড এন্ড ট্যারিফ কমিশন, রপ্তানি উন্নয়ন ব্যুরো, বাংলাদেশ ফরেণ ট্রেড ইন্সটিটিউট ৩১ মে ২০২০ তারিখের মধ্যে অনলইন সার্ভেতে **(৩(খ)-তে উদ্ধৃত লিংক)** পৃথকভাবে অংশগ্রহণপূর্বক মতামত প্রদান করবে বিশেষ করে প্রশ্নমালার section-L-এ ইউরোপের বাজারে বাংলাদেশের রপ্তানি প্রসারে সহায়ক concept note upload করে বাণিজ্য মন্ত্রণালয়কে অবহিত করবে।

(ঙ) বাণিজ্য মন্ত্রণালয়ের এফটিএ অনুবিভাগ, ডব্লিউটিও সেল অনলইন সার্ভেতে **(৩(খ)-তে উদ্ধৃত লিংক)** পৃথকভাবে অংশগ্রহণপূর্বক মতামত প্রদান বিশেষ করে প্রশ্নমালার section-L-এ ইউরোপের বাজারে বাংলাদেশের রপ্তানি প্রসারে সহায়ক concept note upload করবে।

(চ) দেশের বিভিন্ন শ্রম সংগঠনকে দেশীয় শিল্পের স্বার্থে ৩১ মে ২০২০ তারিখের মধ্যে অনলইন সার্ভেতে **(৩(খ)-তে উদ্ধৃত লিংক)** পৃথকভাবে অংশগ্রহণ করার আহবান জানানোর জন্য শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়কে অনুরোধ জানানো হবে।

(ছ) Power and Participation Research Centre (PPRC), Bangladesh Institute of development Studies (BIDS), Centre for Policy Dialogue (CPD), South Asian Network on Economic Modeling (SANEM) এবং Policy Research Institute (PRI)-কে অনলাইন সার্ভেতে **(৩(খ)-তে উদ্ধৃত লিংক)** অংশগ্রহণপূর্বক নিজ নিজ মতামত ও concept note upload করার জন্য অনুরোধ করা হবে।

৪। পরিশেষে সকলকে ধন্যবাদ জানিয়ে সভার আনুষ্ঠানিক সমাপ্তি ঘোষণা করা হয়।

স্বাক্ষরিত/-

(মো: ওবায়দুর আজম)
অতিরিক্ত সচিব

**পরিশিস্ট "ক"**

## Guiding Notes

**Following points can be considered while responding to the online GSP questionnaire:**

a) Increasing the transitional period to six years after graduation, now it is three years

(Question J.1 + J.2: because graduating countries need additional support to face the extremely adverse impacts of the COVID 19 pandemic, the wrath of climate change and also to meet the SDG goals by 2030),

b) To offer the same relaxed rules of origin (i.e. single stage transformation) to graduated economies during the six year transitional period

(Q L.1: we should request EU that graduating countries need to be given the same benefit of relaxed RoO during their post-graduation transition time as is given to LDCs under the EBA scheme).

c) A a phased/ gradual approach to introduce tariff on exports of graduated countries after their transitional time of six years is over. Instead of jumping from 0% to 12%, the tariff can be imposed/ increased gradually 2% per year over six years.

d) Extending the relaxed rule of origin to newly graduated countries irrespective of whether they are GSP+ or standard GSP beneficiary after their graduation.

e) Changing the eligibility criteria (such as relaxing the import share criteria) so that graduated countries (like Bangladesh) can apply/ becomes eligible for GSP+,

It is important that we highlight the significant contribution of the EU's GSP scheme in:

- Women empowerment,

- Employment generation,
- Poverty reduction,
- Bringing reforms/ positive changes in labor laws,
- Improving workplace safety in RMG factories,
- Encouraging businesses to adopt sustainable, environment friendly practices in export oriented factories, and
- The risks of losing the trade package

০৫ জ্যৈষ্ঠ ১৪২৭

স্মারক নম্বর ২৬.০০.০০০০.১০৪.৩৯.০০৮.১৬. ~~তারিখ:~~ ১৯ মে ২০২০

বিতরন: কার্যার্থে

১। পররাষ্ট্র সচিব, পররাষ্ট্র মন্ত্রণালয়, সেগুনবাগিচা, ঢাকা (দৃস্টি আকর্ষন: জনাব নজরুল ইসলাম, মহাপরিচালক)

২। সচিব, শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

৩। চেয়ারম্যান, বাংলাদেশ ট্রেড এন্ড ট্যারিফ কমিশন, ১ম ১২ তলা সরকারী অফিস ভবন (১০ ও ১২তলা), সেগুনবাগিচা, ঢাকা।

৪। ভাইস-চেয়ারম্যান, রপ্তানি উন্নয়ন ব্যুরো, টিসিবি ভবন (৬ষ্ঠ তলা), ১ কারওয়ান বাজার, ঢাকা-১২১৫।

৫। প্রধান নির্বাহী কর্মকর্তা, বাংলাদেশ ফরেণ ট্রেড ইন্সটিটিউট, টিসিবি ভবন (৬ষ্ঠ তলা), ১ কারওয়ান বাজার, ঢাকা-১২১৫।

৬। অতিরিক্ত সচিব (এফটিএ অনুবিভাগ), বাণিজ্য মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

৭। মহাপরিচালক, ডব্লিউটিও সেল, বাণিজ্য মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

৮। সভাপতি, ফেডারেশন অব বাংলাদেশ চেম্বার্স অব কমার্স এন্ড ইন্ডাস্ট্রি, ফেডারেশন ভবন, ৬০ মতিঝিল বা/এ, ঢাকা।

৯। সভাপতি, বাংলাদেশ গার্মেন্ট ম্যানুফ্যাকচারার্স এন্ড এক্সপোটার্স এসোসিয়েশন, বিজিএমইএ কমপ্লেক্স, বাড়ি নং ৭/৭এ, সেক্টর-১৭, ব্লক-এইচ-১, উত্তরা, ঢাকা-১২৩০।

১০। সভাপতি, বাংলাদেশ নিটওয়্যার ম্যানুফ্যাকচারার্স এন্ড এক্সপোর্টার্স এসোসিয়েশন (বিকেএমইএ), প্লানার্স টাওয়ার (১৩ তলা), ১৩/এ, সোনারগাঁও রোড, ঢাকা

১১। সভাপতি, বাংলাদেশ টেক্সটাইল মিলস এসোসিয়েশন (বিটিএমএ), ইউনিক ট্রেড সেন্টার (লেভেল-৯ ), ৮ পান্থপথ, কারওয়ান বাজার, ঢাকা-১২১৫।

১২। সভাপতি, লেদারগুডস এন্ড ফুটওয়্যারস এন্ড এক্সপোর্টার্স এসোসিয়েশন অব বাংলাদেশ ( এলএফএমইএবি), ইরেক্টরস হাউজ (১০ম তলা), ১৮ কামাল আতাতুর্ক এভিনিউ, বনানী সি/এ, ঢাকা-১২১৩।

১৩। সভাপতি, Bangladesh Efficient Lighting Manufacturers Association, 220, New Elephant Road (2nd Floor), New Market, Dhaka-1205.

১৪। সভাপতি, বাংলাদেশ প্লাস্টিক গুডস ম্যানুফ্যাকরার্স এন্ড এক্সপোর্টার্স এসোসিয়েশন, পল্টন টাওয়ার, স্যুট নং ৬০৩ ও ৬০৪, ৮৭ পুরানা পল্টন লেন (৭ম তলা), ঢাকা

১৫। সভাপতি, বাংলাদেশ জুট গুডস এক্সপোর্টার্স এসোসিয়েশন, এ এন্ড এ টাওয়ার (৪র্থ তলা), ১৭৩ আরামবাগ, মতিঝিল বা/এ, ঢাকা

১৬। সভাপতি, ঢাকা চেম্বার অব কমার্স এন্ড ইন্ডাস্ট্রি, ঢাকা চেম্বার বিল্ডিং, ৬৫-৬৬ মতিঝিল বা/এ, ঢাকা-১০০০

১৭। সভাপতি, মেট্রোপলিটন চেম্বার অব কমার্স এন্ড ইন্ডাস্ট্রি, ঢাকা, ঢাকা চেম্বার বিল্ডিং (৫ম তলা), ১২২-১২৪, মতিঝিল বা/এ, ঢাকা

১৮। সভাপতি, বাংলাদেশ এমপ্লয়ার্স ফেডারেশন, চেম্বার বিল্ডং, ১২২-১২৪, মতিঝিল বা/এ, ঢাকা-১০০০

১৯। বাংলাদেশ ফ্রোজেন ফুড এক্সপোর্টার্স এসোসিয়েশন, 24/A Bijoy Nagar Road, Dhaka-1205

২০। বাংলাদেশ ফ্রুটস্, ভেজিটেবল এন্ড এলাইড প্রোডাক্টস এক্সপোর্টার্স এসোসিয়েশন, 28/1/C, Rahmania International Complex, (5th Floor), (Room No.11-12), Toyenbee Circular Road, Motijheel C/A, Dhaka 1000

২১। বাংলাদেশ এগ্রো-প্রসেসরস এসোসিয়েশন (বাপা), Flat#D6, 4/1/A sobhanbagh Dhanmondi, Dhka-1207

২২। Executive Chairman, Power and Participation Research Centre (PPRC), House 15, Road 12 (Old 31), Dhanmondi R/A, Dhaka 1219

২৩। Director General, Bangladesh Institute of development Studies (BIDS), E-17 Agargaon, Sher-e- Bangla Nagar, GPO Box # 3854, Dhaka-1207

২৪। Executive Director, Centre for Policy Dialogue (CPD), House 6/2 (7th and 8th Floor) Block-F, Kazi Nazrul Islam Road, Lalmatia Housing Estate, Dhaka-1207

২৫। Chairman, South Asian Network on Economic Modeling (SANEM), Flat K-5, House 1/B,
Road 35 Gulshan 2, Dhaka 1212, Bangladesh.

২৬। ড. আব্দুর রাজ্জাক, গবেষণা পরিচালক, পলিসি রিসাচ ইনস্টিটিউট (পিআরআই), বাড়ি নং ১৬ (৫ম তলা), রোড নং ১০/এ, ব্লক-এইচ, বনানী, ঢাকা-১২১৩।

২৭। Mr. M Jahirul Quayum, Counsellor (Commerce), Embassy of Bangladesh, Rue Jacques Jordaens 29-31,1000 Brussels, Belgium

<u>সদয় অবগতির জন্য অনুলিপি:</u>

১। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, বাণিজ্য মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (মাননীয় মন্ত্রীর সদয় অবগতির জন্য)।

২। সচিবের একান্ত সচিব, বাণিজ্য মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।

৩। অতিরিক্ত সচিব (রপ্তানি) এর ব্যক্তিগত কর্মকর্তা, বাণিজ্য মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা ( অতিরিক্ত সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।

৪। যুগ্মসচিব (রপ্তানি) এর ব্যক্তিগত কর্মকর্তা, বাণিজ্য মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (যুগ্ম সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।

৫। অফিস কপি।

(মিরাজুল ইসলাম উকিল)
উপসচিব
মোবাইল: ০১৫৫২৪১৬০১৭
ইমেইল: miukil@yahoo.com